গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩২.০৬.০২৬.২১-৩০৯

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০২১-২২ অর্থবছরের জন্য ব্যবসা সহজীকরণ সূচকের উত্তরণ কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ব্যবসা সহজীকরণ সূচকের দুই অঙ্কের উচ্চতর ধাপে উত্তরণের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে আইন ও বিচার বিভাগের জন্য ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা/সংস্কার প্রস্তাব বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে ব্যবসা সহজীকরণ সূচকের উত্তরণ কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি গঠন করা হলো:

জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

| | | |
|---|---|---|
| ১. | সচিব | সভাপতি |
| ২. | যুগ্মসচিব (মতামত) | ফোকাল পার্সন |
| ৩. | উপসচিব (প্রশাসন-১) | সদস্য |
| ৪. | উপসচিব (বাজেট ও উন্নয়ন) | সদস্য |
| ৫. | উপসচিব (মতামত-৪) | সদস্য |
| ৬. | উপসচিব (প্রশাসন-২) | সদস্য |
| ৭. | উপসচিব (রেজিস্ট্রেশন) | সদস্য |
| ৮. | সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) | সদস্য |
| ৯. | সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) | সদস্য |
| ১০. | সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৮) | সদস্য সচিব |

২। কমিটির কার্যপরিধি:

(ক) ব্যবসা সহজীকরণ সূচকের দুই অঙ্কের উচ্চতর ধাপে উত্তরণের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে আইন ও বিচার বিভাগের জন্য ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা/সংস্কার প্রস্তাব প্রণয়ন ও বাস্তবায়ন করা;

(খ) প্রতিমাসে একবার কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা;

(গ) সংশোধনের (যদি থাকে) প্রস্তাব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ;

৩। কমিটি প্রয়োজনবোধে যে-কোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১৫/০৯/২১

(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২ (অ:)
ই-মেইল: section8.justice@gmail.com

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব (মতামত), আইন ও বিচার বিভাগ।
২। উপসচিব (বাজেট ও উন্নয়ন),আইন ও বিচার বিভাগ।
৩। উপসচিব (প্রশাসন-১/২), আইন ও বিচার বিভাগ।
৪। উপসচিব (মতামত-৪)/(রেজিস্ট্রেশন), আইন ও বিচার বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১/উন্নয়ন)/(বিচার শাখা-৮), আইন ও বিচার বিভাগ।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।